

ভর্তি বিজ্ঞপ্তি


দেশে পরিবহন খাতে দুর্ঘটনা রোধে দক্ষ গাড়ীচালক তৈরীর মাধ্যমে ২১-৩৫ বছর কর্মপ্রত্যাশী যুবক ও যুব নারীদের জন্য পরিবহন খাতে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং দারিদ্র্য বিমোচনের পাশাপাশি টেশসই জীবিকা নিশ্চিত করার নিমিত্তে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃষ্ণনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা কার্যালয় কর্তৃক পরিচালিত নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবক ও যুব মহিলাদের তিনটি প্যানেল করার নিমিত্ত তাদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণ পূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

তথ্যাবলী

ক্রঃ নং	প্রশিক্ষণ ট্রেডের নাম	কোর্সের মেয়াদ	শিক্ষাগত যোগ্যতা	প্রশিক্ষণ ভাতা/ যাতায়াত ভাতা	দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ	সাক্ষাৎকারের তারিখ ও সময়	ভর্তির তারিখ	ভর্তি ফি
০১	যানবাহন চালনা প্রশিক্ষণ।	০১ (এক) মাস।	ন্যূনতম অষ্টম শ্রেণী বা সমমান পাস এবং বয়স ২১ থেকে ৩৫ বছর।	দৈনিক প্রতি জন ১৫০ টাকা (উপস্থিতির ভিত্তিতে)।	২১/০৩/২৩ খ্রিঃ তারিখ।	২৯/০৩/২০২৩ খ্রিঃ তারিখ। ৯:৩০ ঘটিকায়	পরবর্তীতে জানানো হবে।	পরবর্তীতে জানানো হবে।

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী নিম্নরূপঃ


- ০১। বর্ণিত ট্রেডে দরখাস্তজমা দেওয়ার শেষ তারিখ ২১/০৩/ ২০২৩ খ্রিঃ।
- ০২। বর্ণিত কোর্সে ভর্তি ইচ্ছুক বা আগ্রহী প্রশিক্ষার্থীর বয়স ২১ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুব ও যুব মহিলা হতে হবে।
- ০৩। স্বহস্তে পূরণকৃত আবেদন ফর্মে (ক) নাম (বাংলা ও ইংরেজী) (খ) পিতা/স্বামীর নাম (বাংলা ও ইংরেজী) (গ) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (ছ) জাতীয় পরিচয় (NID) নম্বর/জন্ম সনদ পত্র নম্বর (জ) শিক্ষাগত যোগ্যতা (ঝ) ধর্ম (ঞ) জেল্ডার/লিঙ্গ (ট) মোবাইল নম্বর (ঠ) ই-মেইল আইডি (ড) Whats app ID (ঢ) Facebook ID (ণ) বিকল্প যোগাযোগ নম্বর (ত) জন্ম তারিখ (জ) ইতোপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে)।
- ০৪। আবেদনপত্রের সাথে (ক) সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি (খ) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়াছবি (গ) জাতীয় পরিচয়পত্র অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদপত্রের ছায়াছবি জমা দিতে হবে। সাক্ষাৎকারের সময় মূল সনদপত্র সঙ্গে আনতে হবে।
- ০৫। নির্ধারিত আবেদন ফর্ম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে অথবা উপপরিচালকের কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তর, চুয়াডাঙ্গা অথবা স্ব-স্ব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।
- ০৬। স্বাক্ষরের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে যথা সময়ে হাজির হতে হবে এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৭। ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৮। প্রত্যেক প্রশিক্ষার্থীকে কেন্দ্রের নিয়ম শৃংখলা মেনে চলতে হবে এবং যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত হতে হবে।
- ০৯। প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হওয়ার তথ্য উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, চুয়াডাঙ্গা বরাবর দাখিল করতে হবে।
- ১০। প্রশিক্ষণ কালীন সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্য বিধি অবশ্যই পালন করতে হবে।


(মাসুম আহমেদ)
উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, চুয়াডাঙ্গা।
ফোন : ০৭৬১-৬২৮৭১

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। প্রকল্প পরিচালক, যানবাহন পরিচালনা প্রশিক্ষণ, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
- ০৩। জেলা তথ্য কর্মকর্তা, চুয়াডাঙ্গা।
- ০৪। অধ্যক্ষ (টিটিসি) সহকারী পরিচালক (বিআরটিএ) তাকে তার নোটিশ বোর্ডে টানিয়ে দেওয়ার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর/আলমডাঙ্গা/দামডুহা/জীবননগর, চুয়াডাঙ্গা।
- ০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, সদর/আলমডাঙ্গা/দামডুহা/জীবননগর, চুয়াডাঙ্গা।
- ০৭। অত্র দপ্তরের নোটিশ বোর্ড।
- ০৮। অফিস কপি।


(মাসুম আহমেদ)
উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, চুয়াডাঙ্গা।